

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৭৯

পর্ব ২১: খাদ্য (خمعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «التَّلْبِينَةُ مُجِمَّةٌ لِفُوَّادِ الْمَرِيضِ تَذْهَبُ بِبَعْضِ الْحزن»

বাংলা

8১৭৯-[২১] 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ তালবীনাহ্ পীড়িত ব্যক্তির অন্তরে প্রশান্তি আনে এবং দুশ্চিমত্মা কিছুটা লাঘব করে।(বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৪১৭, ৫৬৮৯; মুসলিম (২২১৬)-৯০, মুসনাদে আহমাদ ২৪৫১২, সহীহুল জামি' ৩০১৮, আস্ সুনানুল কুবরা লিল নাসায়ী ৭৫৭২, আল মু'জামুল আওসাত্ব ৯০০১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৩৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (التَّلْبِينَةُ مُجِمَّةٌ لِفُوَّادِ الْمَرِيضِ) "তালবীনাহ্ রোগীর হৃদয়ের জন্য আরামদায়ক"। কাষী বলেনঃ তালবীনাহ্ বলা হয় আটা ও দুধ দিয়ে তৈরি পাতলা স্যুপকে। কখনো তাতে মধুও ঢেলে দেয়া হয়। দুধের মতো সাদা ও পাতলা বলে এর নামকরণ করা হয়েছে তালবীনাহ্।

(تَذْهَبُ بِبَعْضِ الْحُزْنِ) "তা রোগীর চিন্তা কিছুটা দূর করে"। (মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪ খন্ড, হাঃ ২২১৬/৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন